

Lecture no -09+10

বিষয়ঃ যুক্তিবিদ্যা

অধ্যায়-২য়

যুক্তিবিদ্যা ও দর্শনের সাথে সম্পর্ক লিখ

যুক্তিবিদ্যা	দর্শন
১, অশুদ্ধ যুক্তি থেকে শুদ্ধ যুক্তিতে আসার মানসিক প্রক্রিয়াকে যুক্তিবিদ্যা বলে।	১, জগৎ- জীবনের মৌলিক সমস্যাবলী নিয়ে খুঁজে তার যৌক্তিক সমাধানের প্রচেষ্টাকে দর্শন বলে।
২, যুক্তিবিদ্যা চিন্তা, পদ, শব্দ, অনুমান, ব্যাখ্যা, সম্ভাবনা, ব্যাখ্যা, অপনয়ন প্রভৃতি নিয়ে যুক্তিবিদ্যা আলোচনা করে।	২, দেশ-কাল, স্থান, প্রাণ আত্মা, ঈশ্বর, প্রাণ, সৃষ্টি, বিবর্তন, আত্মা, মন প্রভৃতি নিয়ে দর্শন আলোচনা করে।
৩, যুক্তিবিদ্যার পরিধি ছোট।	৩, দর্শনের পরিধি সুবিশাল।
৪, যুক্তিবিদ্যা দর্শনের একটি শাখা	৪, দর্শন স্বতন্ত্র একটি বিষয়।
৫, যুক্তিবিদ্যা মূলত আকারগত বিজ্ঞান।	৫, দর্শনকে বিজ্ঞান বলা চলে না।

যুক্তিবিদ্যা ও নন্দনতত্ত্বের মধ্যে পার্থক্য নিম্নরূপ-

যুক্তিবিদ্যা	নন্দনতত্ত্ব
১। যুক্তিবিদ্যাকে বিজ্ঞান বলা চলে।	১। নন্দনতত্ত্বকে বিজ্ঞান বলা চলে না।
২। যুক্তিবিদ্যায় আবেগ অনুভূতির স্থান নেই।	২। নন্দনতত্ত্বে আবেগ অনুভূতির স্থান ব্যাপক।
৩। সুনির্দিষ্ট নিয়ম বা পদ্ধতি রয়েছে।	৩। সুনির্দিষ্ট নিয়ম বা পদ্ধতি নেই।
৪। দৃষ্টিভঙ্গি আত্মগত নয়।	৪। দৃষ্টি ভঙ্গি আত্মগত।
৫। যুক্তি বিদ্যার আলোচ্য বিষয় হলো যুক্তির সততা ও বৈধতা নির্ণয় করা।	৫। নন্দন তত্ত্বের আলোচ্য বিষয় হলো সৌন্দর্য। শিল্প ও রুচিবোধ।

প্রশ্ন ৮। শিক্ষা কিভাবে যুক্তিবিদ্যার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর।

উত্তর: শিক্ষার মাধ্যমে অর্জিত বিক্ষিপ্ত ধারণাগুলোর মধ্যে আন্তঃসম্পর্ক তৈরিকরণে যুক্তিবিদ্যা সাহায্য করে, যার ফলে ব্যক্তির মধ্যে জ্ঞানের প্রতি দৃঢ় বিশ্বাস তৈরী হয় এবং ব্যক্তির আচরণে পরিবর্তন ঘটে। শিক্ষার মূল কাজই হলো ব্যক্তি আচরণের আপেক্ষিক পরিবর্তন ঘটানো। এ ক্ষেত্রে বোঝা যাচ্ছে যুক্তিবিদ্যা শিক্ষার উদ্দেশ্যের বাস্তবায়ন ঘটায়।

প্রশ্ন ৯। নীতিবিদ্যা বলতে কী বোঝ?

[রা. বো. '১৭]

উত্তর: নীতিবিদ্যা মূল বিদ্যার একটি শাখা। নীতিবিদ্যা একটি আদর্শনিষ্ঠ বিজ্ঞান। তাই বলা যায়, নীতিবিদ্যা একটি আদর্শনিষ্ঠ বিজ্ঞান যা সমাজের বসবাসকারী মানুষের ঐচ্ছিক আচরণের ভালোত্ব, মন্দত্ব, ন্যায়ত্ব, অন্যায়ত্ব প্রভৃতি নৈতিক আদর্শের ভিত্তিতে মূল্যায়ন করে।

প্রশ্ন ১০। ব্যবসায় নৈতিকতা কী?

[ব. বো. '১৬]

উত্তর: সমকালীন নীতিবিদ্যার মধ্যে ব্যবসায় নীতিবিদ্যা আন্যতম। ব্যবসায় নীতিবিদ্যাগুলো এক ধরনের প্রায়োগিক নীতিবিদ্যা অথবা পেশাগত নীতিবিদ্যা যা ব্যবসায় বাণিজ্যের ক্ষেত্রে উদ্ভূত নৈতিক নীতিমালা ও নৈতিক সমস্যাবলি পর্যালোচনা করে